



ধুনট পৌরসভা কার্যালয়
ধুনট-বগুড়া।
www.dmbogura.gov.bd



একটি বিশেষ ঘোষণা

একটি বিশেষ ঘোষণা

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২১ ফেব্রুয়ারী'২০২২ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। উক্ত দিবসটি যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে ধুনট পৌরসভাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী-বেসরকারি ভবন ও ব্যবসা প্রতিষ্ঠানসমূহে যথাযথভাবে সঠিক মাপ, রং ও সঠিক নিয়মে এবং সোজা খুঁটিতে জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন করার জন্য অনুরোধ করা হলো। পতাকা অর্ধনমিত রাখার ক্ষেত্রে প্রথমে পতাকা দন্ডের শীর্ষস্থান পর্যন্ত ওঠাতে হবে। তারপর ঐ পতাকার এক প্রস্থ পরিমাণ নিচে নামাতে হবে। এভাবে অর্ধনমিত অবস্থানে রাখতে হবে। দিনের শেষে পতাকা নামানোর সময় পুনরায় দন্ডের শীর্ষস্থান পর্যন্ত উঠিয়ে তারপর নামাতে হবে এবং কোনক্রমে ছেঁড়া, ফাটা, বিবর্ণ এবং কোঁচকানো জাতীয় পতাকা উত্তোলন করা যাবে না।

অনুরোধক্রমে

(এ, জি, এম, বাদশাহ)

মেয়র

ফোন-০৫০২৩-৫৬১৫১

ই-মেইল-dhunatpoura.bogra@gmail.com

স্মারক নং-ধুপস/৫-৮/২০২২-১২৮/১(২৫)

তারিখ : ১৭.০২.২০২২ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। জনাব-----কাউন্সিলর(সকল), ধুনট পৌরসভা, বগুড়া।
- ২। জনাব-----, ধুনট বাজার, বগুড়া। এক দিন মাইক দ্বারা সকল ওয়ার্ডে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। সংশ্লিষ্ট নথি, ধুনট পৌরসভা, বগুড়া।

(এ, জি, এম, বাদশাহ)

মেয়র

ফোন-০৫০২৩-৫৬১৫১

ই-মেইল-dhunatpoura.bogra@gmail.com